মঞ্জুরী নং - ২৫

৩০-মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়

মধ্যমেয়াদি ব্যয়

(অংকসমূহ হাজার টাকায়)

	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
অনুন্নয়ন	১০৩১,৯২,৫০	১০৩৫,০০,০০	১১৭২,০০,০০
উন্নয়ন	২০৯,৪৫,০০	২৩৫,০০,০০	২৭০,০০,০০
মোট	১২৪১,৩৭,৫০	১২৭০,০০,০০	১৪৪২,০০,০০

১. মিশন স্টেটমেন্ট ও প্রধান কার্যাবলি

১.১ মিশন স্টেটমেন্ট

বিভিন্ন আর্থ-সামাজিক ও সচেতনতামূলক কর্মকান্ডের মাধ্যমে নারী ও শিশুর সার্বিক অধিকার প্রতিষ্ঠা, ক্ষমতায়ন ও সামগ্রিক উন্নয়নের মূলধারায় নারী ও শিশুকে সম্পৃক্তকরণ।

১.২ প্রধান কার্যাবলি

(ক) জাতীয় নারী উন্নয়ন নীতি ও জাতীয় শিশু উন্নয়ন নীতি প্রণয়ন;

(খ) নারী ও শিশুদের কল্যাণ এবং উন্নয়নে বিভিন্ন কর্মসূচি গ্রহণ;

(গ) নারী ও শিশুদের আইনগত এবং সামাজিক অধিকার প্রতিষ্ঠা ও সংরক্ষণ;

(ঘ) কর্মসংস্থানের সুযোগসহ নারীর ক্ষমতায়নের জন্য বিভিন্ন কর্মসূচি গ্রহণ;

(ঙ) নারী ও শিশুদের বিরুদ্ধে সহিংসতা দূরীকরণার্থে আইন প্রনয়ণ;

(চ) বিভিন্ন মন্ত্রণালয়ের উন্নয়ন কার্যক্রমের নারী (Women in Development- WID) ও শিশু সংক্রান্ত ফোকাল পয়েন্টের মাধ্যমে সংশিষ্ট মন্ত্রণালয়সমূহের নারী ও শিশু উন্নয়ন সংক্রান্ত কার্যক্রম সমন্বয় ও পরিবীক্ষণ।

২. কৌশলগত উদ্দেশ্য এবং প্রধান কার্যক্রমসমূহ

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
১. অর্থনৈতিক কর্মকান্ডের মূল স্রোতধারায় নারীর পূর্ণ অংশগ্রহণ নিশ্চিতকরণ	• মহিলাদের আত্মকর্মসংস্থানের জন্য কারিগরি, বৃত্তিমূলক, আয়বর্ধক প্রশিক্ষণ, উৎপাদনশীল উপকরণ এবং ক্ষুদ্রঋণ প্রদান	• মহিলা বিষয়ক অধিদপ্তর • জাতীয় মহিলা সংস্থা
	• স্বেচ্ছাসেবী সমিতি গঠন, নিবন্ধন ও নিবন্ধিত সমিতিকে সহায়তা প্রদান	• মহিলা বিষয়ক অধিদপ্তর
	• নারী উদ্যোক্তাদের বিকাশ সাধনে সহায়তা প্রদান	• জাতীয় মহিলা সংস্থা
	• আধুনিক প্রযুক্তিতে নারী ও শিশুর অংশগ্রহণের সুযোগ সৃষ্টি	• মহিলা বিষয়ক অধিদপ্তর
	• কর্মজীবী মহিলাদের হোস্টেল সুবিধা প্রদান ও শিশু দিবাযত্ন সেবা প্রদান	• মহিলা বিষয়ক অধিদপ্তর • জাতীয় মহিলা সংস্থা

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
২. সম্ভাব্য ক্ষতি ও ঝুঁকি (Vulnerability and Risk) থেকে মহিলা ও শিশুদের রক্ষা করার জন্য সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা	• দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে কর্মজীবী ল্যাকটেটিং মাদের ভাতা প্রদান	• মহিলা বিষয়ক অধিদপ্তর
	• ভিজিডি কার্যক্রমের আওতায় দুঃস্থ মহিলাদেরকে খাদ্য সহায়তা ও ভিজিডি ইউপি কার্যক্রমের আওতায় খাদ্যের পরিবর্তে নগদ আর্থিক সহায়তা এবং উৎপাদনশীল উপকরণ প্রদান	• মহিলা বিষয়ক অধিদপ্তর
	• অতি দরিদ্র ও গর্ভবতী মায়েদের জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কার্যক্রম	• মহিলা বিষয়ক অধিদপ্তর
	• প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ও অসহায় এতিম শিশু এবং যৌন নির্যাতনের শিকার শিশুদের সামাজিক পুনর্বাসন	• মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
	• শিশুর অধিকার, কিশোর অপরাধ, শিশুর বিরুদ্ধে সহিংসতা, শিশু পাচারসহ শিশু অধিকার সংক্রান্ত সকল বিষয়ে সচেতনতা সৃষ্টি	• মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৩. নারী ও শিশুর বিরুদ্ধে সহিংসতা ও শোষণ দূর করা	• নির্যাতিত মহিলা ও শিশুদের চিকিৎসার আইনগত সহায়তা, কাউন্সিলিং, নিরাপদ আশ্রয় এবং খাদ্য সহায়তা প্রদান	• মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় • মহিলা বিষয়ক অধিদপ্তর • জাতীয় মহিলা সংস্থা
	• নারী ও শিশু নীতি যুগোপোযোগীকরণ এবং প্রয়োজনীয় আইন প্রণয়নের উদ্যোগ গ্রহণ • নারী ও শিশুর উন্নয়নে কর্মপরিকল্পনা প্রণয়ন ও জাতীয় দারিদ্র্য বিমোচন কৌশল কর্মসূচি এর সাথে সম্পৃক্তকরণ	• মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
	• আদালতে বিচারকালে মহিলা, শিশু ও কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন ব্যবস্থা নিশ্চিতকরণ	• মহিলা বিষয়ক অধিদপ্তর
৪. নারীর সামাজিক ও রাজনৈতিক ক্ষমতায়ন নিশ্চিতকরণ	• মহিলা জনপ্রতিনিধিদের প্রশিক্ষণ ও নির্বাচন প্রক্রিয়ায় নারীর অংশগ্রহণ বৃদ্ধির জন্য সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা	• জাতীয় মহিলা সংস্থা

কৌশলগত মধ্যমেয়াদি উদ্দেশ্য	প্রধান কার্যক্রম	সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা
	• Women in Development (WID) Mechanism Ges National Council for Women and Children Development (NCWCD) এর মাধ্যমে নারীর উন্নয়নে গৃহীত কর্মকান্ডের মনিটরিং এবং নারীর অধিকার বিষয়ে সচেতনতা সৃষ্টি	• মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় • মহিলা বিষয়ক অধিদপ্তর
	• জাতীয় নারী উন্নয়ন নীতি বাস্তবায়ন এবং নারী অধিকার ও উন্নয়নের অগ্রগতি বিষয়ক প্রতিবেদন প্রণয়ন • নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন ও অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ আইন ও নীতি কাঠামো প্রণয়ন • জেন্ডার রেসপনসিভ বাজেট ও প্রকল্প প্রণয়নে সক্ষমতা বৃদ্ধি • Sex disaggregated তথ্য ও উপাত্ত সংগ্রহ বিশ্লেষণ ও তার ব্যবহারিক প্রয়োগ	• মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
৫। ০-৫ বছর বয়সের শিশুর প্রারম্ভিক শিক্ষা কর্মসূচি সম্প্রসারণ	• ০-৫ বছর বয়সী শিশুর প্রারম্ভিক শিক্ষার লক্ষ্যে নীতি প্রণয়ন, শিশু বিকাশ কেন্দ্র ও সিসিমপুর কর্মসূচি পরিচালনা • শিশুর মনন, মেধা ও সাংস্কৃতিক বিকাশ কর্মসূচি	• বাংলাদেশ শিশু একাডেমি
৬। সামাজিক সম্পৃক্ততা ও অন্তর্ভুক্তির মাধ্যমে শিশু ও কিশোর কিশোরীদের উন্নয়ন	• শিশু ও কিশোর কিশোরীদের জীবন ও জীবিকা উন্নয়নের জন্য প্রশিক্ষণ প্রদান	• মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
	• কন্যা শিশুর সমন্বিত উন্নয়ন	• মহিলা বিষয়ক অধিদপ্তর • বাংলাদেশ শিশু একাডেমি

৩. দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সংক্রান্ত তথ্য

৩.১ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়নের উপর কৌশলগত উদ্দেশ্যসমূহের প্রভাব

৩.১.১ অর্থনৈতিক কর্মকান্ডের মূল স্রোতধারায় নারীর পূর্ণ অংশগ্রহণ নিশ্চিতকরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব ঃ নারী উদ্যোক্তাদের বিকাশ সাধনে গৃহীত কার্যক্রম, দরিদ্র্য নারীদের কারিগরি, বৃত্তিমূলক ও আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান, আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রদত্ত ঋণ, বাজারের চাহিদার সাথে প্রশিক্ষণ কার্যক্রমের সংযোগ সাধন ইত্যাদির ফলে নারীর আয়বৃদ্ধির মাধ্যমে দারিদ্র্য পরিস্থিতির উন্নতি হবে।

নারী উন্নয়নের উপর প্রভাব ঃ মহিলাদের জন্য কারিগরি, বৃত্তিমূলক ও আয়বর্ধক প্রশিক্ষণ কার্যক্রমের আওতায় মহিলাকে প্রশিক্ষণ প্রদান করা হবে যা তাদের চাকুরী ও স্বকর্মে নিয়োজিত হতে সহায়তা করবে। স্বেচ্ছাসেবী মহিলা সংগঠন নিবন্ধন, প্রশিক্ষণ ও অনুদান প্রদান কার্যক্রম নারী উন্নয়নে সহায়ক ভূমিকা

রাখবে। বিভিন্ন মন্ত্রণালয়ে WID Focal Point এর মাধ্যমে মন্ত্রণালয়ে গৃহীত উন্নয়ন কার্যক্রমে নারী উন্নয়নের বিষয় অধিকতর **সম্পৃক্ত হবে** ।

৩.১.২ সম্ভাব্য ক্ষতি ও ঝুঁকি (Vulnerability and Risk) থেকে মহিলা ও শিশুদের রক্ষা করার জন্য সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব ঃ কর্মজীবী ল্যাকটেটিং মা'দের ভাতা প্রদান কার্যক্রম, ভিজিডি কার্যক্রম, Vulnerable Group Development for Ultra Poor (VGDUP), দরিদ্র মা'দের জন্য মাতৃত্বকালীন ভাতা কার্যক্রম, দারিদ্র্য বিমোচন ও আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে প্রদত্ত ভাতা ও অনুদান তৃণমূল পর্যায়ে নারী ও শিশুকে সম্ভাব্য ঝুঁকি থেকে নিরাপদ রাখবে।

নারী উন্নয়নের উপর প্রভাব ঃ প্রতি বছর ৮.৩০ লক্ষ সুবিধাভোগীকে ভিজিডি কার্যক্রমের আওতায় আর্থিক ও প্রশিক্ষণ সংক্রান্ত সুবিধা প্রদান, প্রতি বছর গড়ে ৮০,০০০ জন দরিদ্র মাকে মাতৃত্বকালীন ভাতা এবং কর্মজীবী ল্যাকটেটিং মা'দের ভাতা প্রদান ইত্যাদি কার্যক্রম নারীর সামাজিক নিরাপত্তা বৃদ্ধি করবে এবং তাদের শ্রমবাজার ও আয়বর্ধক কর্মকান্ডে অধিক হারে সম্পৃক্ত হওয়ার সুযোগ সৃষ্টি করবে।

৩.১.৩ নারীর ও শিশুর বিরুদ্ধে সহিংসতা ও শোষণ দূর করা

দারিদ্র নিরসনের উপর প্রভাব ঃ যুগোপযোগী নারীনীতি, শিশুনীতি, আইনগত সহায়তা, মনোসামাজিক কাউন্সিলিং, চিকিৎসা ও পুনর্বাসন, সেবা প্রভৃতি নারী **ও শিশুদের অধিকতর নিরাপত্তা নিশ্চিত করবে,**যা তাদের অর্থনৈতিক কর্মকান্ডে অংশগ্রহণে উৎসাহ যোগাবে।

নারী উন্নয়নের উপর প্রভাব ঃ নারী নির্যাতন প্রতিরোধ কর্মসূচির আওতায় নির্যাতিতাদের বিভিন্ন প্রকারে আইনগত সহায়তা প্রতিকার প্রদান করা হবে। ঢাকা মেডিক্যাল কলেজসহ দেশের পাঁচটি বিভাগীয় সদরে অবস্থিত মেডিক্যাল কলেজ হাসপাতালে বিভাগীয় ডিএনএ স্ক্রিনিং ল্যাবরেটরি স্থাপনের মাধ্যমে আদালত, পুলিশ ও ওসিসি থেকে প্রেরিত আলামতসমূহের নমুনা পরীক্ষা করে নারীর প্রতি সহিংসতার সাথে জড়িত অপরাধীদের সনাক্ত করার ব্যবস্থা গ্রহণের ফলে নারী ও শিশুর প্রতি সহিসংতা অনেকাংশে হ্রাস পাবে।

৩.১.৪ নারীর সামাজিক ও রাজনৈতিক ক্ষমতায়ন নিশ্চিতকরণ

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব ঃ জাতীয় নারী উন্নয়ন নীতির যথাযথ বাস্তবায়ন নারীর অধিকার প্রতিষ্ঠা ও নারীর প্রতি সুবিচার নিশ্চিত করবে। **নারীর বিভিন্ন সচেতনতামুলক কার্যক্রম নারীদের দারিদ্র্য নিরসনে সহায়ক ভূমিকা রাখবে।**

নারী উন্নয়নের উপর প্রভাব ঃ জাতীয় নারী উন্নয়ন নীতি বাংলাদেশের নারী উন্নয়নের মূলভিত্তি হিসাবে কাজ করবে। এক্ষেত্রে গৃহীত কর্মপরিকল্পনা বিভিন্ন ক্ষেত্রে নারীর ক্ষমতায়নকে সুপ্রতিষ্ঠিত করবে। মহিলা জনপ্রতিনিধিদের প্রশিক্ষণ ও নির্বাচন প্রক্রিয়ায় নারীর অংশগ্রহণ বৃদ্ধির লক্ষ্যে গৃহীত সচেতনতামূলক কার্যক্রম এবং যথাযথ আইন ও নীতি প্রণয়ন কার্যক্রম নারীর সামগ্রিক উন্নয়নে সহায়ক ভূমিকা রাখবে।

৩.১.৫ ০-৫ বছর বয়সের শিশুর প্রারম্ভিক শিক্ষা সম্প্রসারণ কর্মসূচি,

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব ঃ শিশু পুরস্কার কর্মসূচি, আর্লি চাইল্ডহুড ডেভেলপমেন্ট (ইসিডি), সিসিমপুর আউটরিচ প্রকল্পের মাধ্যমে ০-৫ বছর বয়সী শিশুর মানসিক বিকাশের লক্ষ্যে প্রয়োজনীয় কার্যক্রম বাস্তবায়ন করা হবে। শিশু বিকাশ কেন্দ্রে ও প্রাক-শিক্ষা কেন্দ্রে প্রদত্ত সেবা (যথা- প্রশিক্ষণ, শিক্ষা ও খেলাধুলা উপকরণ) শিশু উন্নয়নে ভূমিকা রাখবে।

শিশু উন্নয়নের উপর প্রভাব ঃ মোট ১৩,০০০ কেন্দ্রের আওতায় ৭.৫০ লক্ষ (০-৫ বছর বয়সের) শিশুদের প্রারম্ভিক বিকাশ **কর্মসূচির** আওতায় আনা হবে। শিশু উন্নয়ন **কর্মসূচির** আওতায় ১,৩২,০০০ শিশুকে সাংস্কৃতিক প্রশিক্ষণ প্রদান করা হবে। ইসিডি কার্যক্রমের মাধ্যমে প্রদত্ত সেবা ০-৫ বছর বয়সী শিশুদের সামাজিক বিকাশ সাধন করবে এবং তাদের সচেতনতা বৃদ্ধি করে প্রাথমিক স্কুলে গমনোপোযোগী করে তুলবে ।

৩.১.৬ সামাজিক সম্পৃক্ততা ও অন্তর্ভুক্তির মাধ্যমে শিশু ও কিশোর -কিশোরীদের উন্নয়ন

দারিদ্র্য নিরসনের উপর প্রভাব ঃ এমপাওয়ারমেন্ট এন্ড প্রটেকশন অব চিলড্রেন (ইপিসি) প্রকল্পের আওতায় কিশোর-কিশোরীদের প্রশিক্ষণের মাধ্যমে জীবন সংক্রান্ত বিষয়ে সচেতন করা হবে। স্কুল ড্রপ আউট কিশোর-কিশোরীদের প্রশিক্ষণ প্রদানের ফলে তাদের জীবন জীবিকার পথ সুগম হবে। ১৫,০০০ জন শিশুকে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান করা হবে।

নারী উন্নয়নের উপর প্রভাব ঃ কিশোরীদের জীবিকা সংক্রান্ত দক্ষতা এবং ক্ষমতায়নের উপর মডিউলভিত্তিক প্রশিক্ষণ দিয়ে সমাজ এবং জেন্ডার সচেতন করা হবে। শুধু কিশোরীরাই নয় তাদের পিতামাতা এবং কমিউনিটি লিডারদের নিয়ে নারীর ক্ষমতায়নের বিষয়ে সচেতনতা সৃষ্টিমূলক সভা/সমাবেশের আয়োজন করা হবে।

৩.২ দারিদ্র্য নিরসন ও নারী উন্নয়ন সম্পর্কিত বরাদ্দ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০১০-১১	প্রক্ষেপণ ২০১১-১২	প্রক্ষেপণ ২০১২-১৩
দারিদ্র্য নিরসন	**১৬৮,৮৮,৬৭**	**১৭৩,২৯,৩৬**	**১৯৬,৯০,৩১**
নারী উন্নয়ন	**১০৫,০৬,২২**	**১০৯,২৪,৩৬**	**১২৪,৩৪,০৯**

৪. অগ্রাধিকার খাত/কর্মসূচিসমূহ

অগ্রাধিকার খাত/কর্মসূচি	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
1. ভিজিডি কর্মসূচিঃ ভিজিডি কর্মসূচির দীর্ঘমেয়াদি উদ্দেশ্য হলো বাংলাদেশের দারিদ্র্য পীড়িত এবং দুঃস্থ গ্রামীণ মহিলাদের আর্থ-সামাজিক অবস্থার উন্নয়ন করা, যাতে তারা বিদ্যমান খাদ্য নিরাপত্তাহীনতা, পুষ্টিহীনতা ও অর্থনৈতিক নিরাপত্তাহীনতা এবং নিম্ন-সামাজিক মর্যাদার অবস্থানকে সফলভাবে অতিক্রম করতে পারে। এ কর্মসূচি মহিলাদের জন্য সামাজিক নিরাপত্তার আওতায় গৃহীত সবচেয়ে বড় ও গুরুত্বপূর্ণ কর্মসূচি বিধায় এটিকে সর্বাধিক অগ্রাধিকার খাত হিবেবে চিহ্নিত করা হয়েছে।	• অর্থনৈতিক কর্মকান্ডের মূল স্রোতধারায় নারীর পূর্ণ অংশগ্রহণ নিশ্চিতকরণ
2. কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিলঃ শহর এলাকায় কর্মজীবী ল্যাকটেটিং মা'দের অর্থনৈতিক সহায়তা প্রদানের লক্ষ্যে এ খাতকে অগ্রাধিকারের তালিকাভূক্তি করা হয়েছে।	• সম্ভাব্য ক্ষতি ও ঝুঁকি (Vulnerability and Risk) থেকে মহিলাদের রক্ষা করার জন্য সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা
3. দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কর্মসূচিঃ পল্লী অঞ্চলের দরিদ্র গর্ভবতী মায়েদের দুঃখ দুর্দশার কথা বিবেচনা করে মা ও গর্ভস্থ সন্তানের পুষ্টি চাহিদা পূরণের উদ্দেশ্যে মাতৃত্বকালীন ভাতা প্রবর্তন করা হয়েছে। এ কর্মসূচির মাধ্যমে যুগোপৎভাবে দরিদ্র মা এবং গর্ভস্থ শিশুকে সহায়তা প্রদান করা হয়। এজন্য এটিকে ৩য় অগ্রাধিকার খাত হিসেবে চিহ্নিত করা হয়েছে।	• সম্ভাব্য ক্ষতি ও ঝুঁকি (Vulnerability and Risk) থেকে মহিলাদের রক্ষা করার জন্য সামাজিক নিরাপত্তা নিশ্চিত করা
4. শিশু বিকাশে প্রারম্ভিক শিক্ষাঃ ০-৫ বছর বয়স শিশুর বিকাশের সর্বাধিক গুরুত্বপূর্ণ সময়। শিশুদের উপযুক্ত করে গড়ে তোলার জন্য এ কার্যক্রম খুবই যুগোপযোগী বিধায় এটি মন্ত্রণালয়ের অগ্রাধিকার সম্পন্ন ব্যয় খাত হিসেবে অন্তর্ভুক্ত করা হয়েছে।	• সামাজিক সম্পৃক্ততা ও অন্তর্ভুক্তির মাধ্যমে শিশুর ও কিশোর/কিশোরীদের উন্নয়ন

অগ্রাধিকার খাত/কর্মসূচি	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
5. মহিলাদের জন্য কারিগরি, বৃত্তিমূলক, আয়বর্ধক ও উৎপাদনশীল প্রশিক্ষণঃ মহিলাদেরকে কারিগরি, বৃত্তিমূলক, আয়বর্ধক ও উৎপাদনশীল প্রশিক্ষণ প্রদানের ফলে অর্থনৈতিক কর্মকান্ডে তাদের অংশগ্রহণের সুযোগ বৃদ্ধি পায়। এ বিবেচনায় প্রশিক্ষণ কার্যক্রমকে মন্ত্রণালয়ের অন্যতম অগ্রাধিকার সম্পন্ন ব্যয় খাত হিসাবে চিহ্নিত করা হয়েছে।	• অর্থনৈতিক কর্মকান্ডের মূল স্রোতধারায় নারীর পূর্ণ অংশগ্রহণ নিশ্চিতকরণ
6. মহিলাদের বিরুদ্ধে সহিংসতা প্রতিরোধ ও আইনগত সহায়তা প্রদানঃ নারী নির্যাতন প্রতিরোধকল্পে নির্যাতনের শিকার নারীদের উন্নততর সেবা যেমন- স্বাস্থ্য, আইনী সহায়তা, কাউন্সেলিং, আশ্রয়, সমাজে পুনর্বাসনের আওতায় আনা এবং সকল ধরনের নির্যাতনের বিরুদ্ধে জনসচেতনতা বৃদ্ধির লক্ষ্যে কার্যক্রম গ্রহণ এ মন্ত্রণালয়ের অন্যতম প্রধান দায়িত্ব। এ কারণে মহিলাদের বিরুদ্ধে সহিংসতা প্রতিরোধ ও আইনগত সহায়তা প্রদান মন্ত্রণালয়ের অগ্রাধিকার সম্পন্ন কর্মসূচি হিসাবে বিবেচিত হয়েছে।	• নারীর বিরুদ্ধে সহিংসতা দূর করা

প্রধান কর্মকৃতি নির্দেশকসমূহ (Key performance indicator)

নির্দেশক	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য	পরিমাপের একক	লক্ষ্যমাত্রা ২০০৮-০৯	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
							২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
1. ভিজিডি কভারেজের হার	২	%	১০০	*৯৯.২০	১০০	১০০	১০০	১০০	১০০
2. কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল প্রদানের কভারেজের হার	২	%	০	০	০	০	১০০	১০০	১০০
3. দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদানের কভারেজের হার	২	%	১০০	*৯৫.৭৫	১০০	১০০	১০০	১০০	১০০
4. শিশুদের প্রারম্ভিক শিক্ষার কভারেজের হার	৬	%	৯.৩৮	৬.৩২	৯.৩৮	৯.৩৮	১০.৪০	১১.৪৯	১২.৬১
5. ক্ষুদ্রঋণ আদায়ের হার	১	%	৬৮	৬৬	৬৮	৬৮	৭০	৭২	৭৫

* যে সংখ্যক মহিলাকে ভিজিডির আওতায় আনয়নের পরিকল্পনা করা হয়েছে তার শতকরা অংশ।

৫. অধিদপ্তর/সংস্থার সাম্প্রতিক অর্জন, প্রধান কার্যক্রমসমূহ এবং ফলাফল

৫.১ সচিবালয়

৫.১.১ সাম্প্রতিক অর্জন ঃ **জাতীয়** নারী উন্নয়ন নীতি অধিকতর যুগোপযোগী এবং বস্তুনিষ্ঠ করার লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের উদ্যোগে জাতীয় নারী উন্নয়ন নীতির উপর পর্যালোচনা শীর্ষক ১টি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। বর্তমান সরকারের নির্বাচনী অংগীকার এবং রূপকল্প ২০২১ বাস্তবায়নের নিমিত্ত ১৯৯৪ সালে প্রণীত জাতীয় শিশু নীতিকে অধিকতর যুগোপযোগী করার লক্ষ্যে জাতীয় শিশু নীতি ২০১০ এর খসড়া সংশোধন করা হয়। এই নীতির উপর শিশুদের মতামত সংগ্রহরের লক্ষ্যে ইউনিসেফ এর উদ্যোগে বিভাগীয় ও জাতীয় পর্যায়ে মোট ৭টি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয়। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতাধীন নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রামের উদ্যোগে "পারিবারিক সহিংসতা (প্রতিরোধ ও সুরক্ষা) আইন ২০১০" এর খসড়া প্রণয়ন করা হয় । খসড়াটি চূড়ান্তকরার লক্ষ্যে ৪টি পর্যালোচনা সভা অনুষ্ঠিত হয় এবং ২২ ফেব্রুয়ারি ২০১০ তারিখে মন্ত্রিসভার বৈঠকে আইনটি নীতিগতভাবে অনুমোদিত হয়। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়নাধীন "নারী নির্যাতন প্রতিরোধকল্পে মাল্টিসেক্টরাল প্রোগ্রাম" এর আওতায় ঢাকা মেডিকেল কলেজে "ন্যাশনাল ফরেনসিক ডিএনএ প্রোফাইলিং ল্যাবরেটরী"-সহ দেশের ৫টি বিভাগীয় মেডিকেল কলেজ হাসপাতালে বিভাগীয় ডিএনএ স্ক্রিনিং ল্যাবরেটরী স্থাপন করা হয়। ডিএনএ

প্রোফাইলিং ল্যাবরেটরী হতে এপ্রিল ২০১০ পর্যন্ত মোট ৯৯৪টি মামলার প্রেক্ষিতে ৩৮৮৭টি নমুনার ডিএনএ পরীক্ষা সম্পন্ন হয়। ডিএনএ আইন ২০০৯ সংশোধনের লক্ষ্যে এ পর্যন্ত ৩টি মতবিনিময় সভা অনুষ্ঠিত হয় এবং সভার সুপারিশ মতে ডিএনএ ২০১০ সংশোধনের পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হয়। ন্যাশনাল ট্রমা কাউন্সিলিং সেন্টার এর মাধ্যমে নির্যাতিত মহিলা ও শিশুদের মনোকাউন্সিলিং সেবা প্রদান করা হয়। আগস্ট ২০০৯ হতে মে ২০১০ পর্যন্ত ১৩৫ জনকে কাউন্সিলিং সেবা প্রদান করা হয় এবং বিভাগীয় ও জেলা পর্যায়ে ১২৩ জনকে এ বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। বেগম রেকেয়া ডকুমেন্টারি কেন্দ্র উদ্বোধন করা হয়। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ওয়েব সাইট (www.mowca.gov.bd) হালনাগাদ করা হয়। মহিলা বিষয়ক অধিদপ্তরের ওয়েবসাইট (www.dwa.gov.bd) খোলা হয় এবং বাংলাদেশ শিশু একাডেমীর ওয়েবসাইট (www.shishuacademy.gov.bd) খোলা হয়।

৫.১.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১. প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্ত ও অসহায় এতিম শিশু এবং যৌন নির্যাতনের শিকার শিশুদের সামাজিক পুনর্বাসন	• প্রাকৃতিক দুর্যোগে ক্ষতিগ্রস্থ ও অসহায় এতিম শিশু এবং যৌন নির্যাতনের শিকার ২০০০ জন শিশুর পারিবারিক/সামাজিক পুনর্বাসন	২
২. শিশুর অধিকার, শিশুর বিরুদ্ধে সহিংসতা, শিশু পাচারসহ শিশু অধিকার সংক্রান্ত সকল বিষয়ে সচেতনতা সৃষ্টি	• শিশু ও কিশোর-কিশোরীদের বাণিজ্যিক যৌন নির্যাতন প্রতিরোধের জন্য জাতীয় কর্ম-পরিকল্পনা প্রণয়ন • শিশু অধিকার সনদ বিষয়ে সচেতনতা সৃষ্টির জন্য সংশ্লিষ্ট সরকারি ও বেসরকারি ব্যক্তিদের নিয়ে সচেতনতামূলক ১৫টি workshop প্রতি বছর আয়োজন করা হবে • বাল্য বিবাহ রোধ এবং যৌতুকের বিরুদ্ধে কিশোরীদের সচেতনতা সৃষ্টি	
৩. নির্যাতিত মহিলা ও শিশুদের চিকিৎসার আইনগত সহায়তা, কাউন্সিলিং	• ৬,৪৮০ জন মহিলা ও শিশুকে চিকিৎসা, আইনগত সহায়তা ও কাউসিলিং সেবা প্রদান • ৬টি বিভাগীয় শহরসহ ০৮টি One Stop Crisis Centre (OCC) পরিচালনা এবং প্রতিটি জেলায় Victim Support Centre স্থাপনের উদ্যোগ নেয়া হয়েছে।	৩
৪. Women in Development (WID) Mechanism এবং NCWCD এর মাধ্যমে নারীর উন্নয়নে গৃহীত কর্মকান্ডের মনিটরিং এবং নারীর অধিকার বিষয়ে সচেতনতা সৃষ্টি	• WID সংক্রান্ত সভা • NCWCD সংক্রান্ত সভা	৪
৫. জাতীয় নারী উন্নয়ন নীতি বাস্তবায়ন এবং নারী অধিকার ও উন্নয়নের অগ্রগতি বিষয়ক প্রতিবেদন প্রণয়ন	• জাতীসংঘের CEDAW কমিটিতে সিডো রিপোর্ট বাস্তবায়ন সংক্রান্ত ৬ষ্ঠ ও ৭ম পিরিয়ডিক প্রতিবেদন প্রেরণ	

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
৬. নারীর অর্থনৈতিক ক্ষমতায়ন ও অংশগ্রহণ নিশ্চিত করার লক্ষ্যে যথাযথ আইন ও নীতি কাঠামো প্রণয়ন	• জাতীয় নারী উন্নয়ন নীতি হালনাগাদ করণ সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রয়েছে	৪
৭. জেন্ডার রেসপনসিভ বাজেট ও প্রকল্প প্রণয়নে সক্ষমতা বৃদ্ধি	• জেন্ডার রেসপনসিভ বাজেট ও প্রকল্প প্রণয়ন সংক্রান্ত সেমিনার/ ওয়ার্কসপ	
৮. Sex disaggregated তথ্য ও উপাত্ত সংগ্রহ বিশ্লেষণ ও তার ব্যবহারিক প্রয়োগ	• Database on Women and Children Issues	
৯. শিশু ও কিশোর-কিশোরীদের জীবন ও জীবিকা উন্নয়নের জন্য প্রশিক্ষণ প্রদান	• এমপাওয়ারমেন্ট এন্ড প্রটেকশান অব চিলড্রেন (ইপিসি) প্রকল্পের আওতায় প্রতি বছর ৬৭,৫০০ জন শিশু ও কিশোর কিশোরীকে জীবন ও জীবিকা উন্নয়নের জন্য প্রশিক্ষণ প্রদান	৬

৫.১.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। শিশু ও কিশোর-কিশোরীদের জীবন ও জীবিকা সংক্রান্ত প্রশিক্ষণ	জন	৬৬,০০০	৬৬,০০০	৬৬,০০০	৬৭,৫০০	৬৭,৫০০	৬৭,৫০০
২। OCC এর উপকারভোগীর সংখ্যা	জন	২১৫১	২১৬০	২১৬০	২১৬০	২১৬০	২১৬০
৩। WID Ges NCWCD সংক্রান্ত সভা	সংখ্যা	৫	২+১	২+১	২+২	২+২	২+২

৫.১.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	৭০৩,৬০,৯১	৬২৪,৬৪,১৩	৭৪০,১১,২২	৭১৭,৫৮,৪২	৭৬৮,৭৬,৬২
উন্নয়ন	৫১,৪৩,০০	৩৪,৬৯,৫০	৬০,৭১,০০	১৫,৩৪,৩০	২০,১১,৪০
মোট	৭৫৫,০৩,৯১	৬৫৯,৩৩,৬৩	৮০০,৮২,২২	৭৩২,৯২,৭২	৭৮৮,৮৮,০২

৫.১.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)	
১। সচিবালয়	১-৬
অনুমোদিত প্রকল্প (বিনিয়োগ)	
১। নারী নির্যাতন প্রতিরোধে মাল্টিসেকটরাল প্রকল্প (২য় পর্যায়)	৩
২। ক্যাপাসিটি বিল্ডিং ফর মনিটরিং চাইল্ড রাইটস	২
৩। এ্যাম্পাওয়ারম্যান্ট এন্ড প্রটেকশন অফ চিলড্রেন (ইপিসি)	২

অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
৪। পলিসি লিডারশীপ এন্ড এডভোকেসি ফর জেন্ডার ইক্যুয়ালিটি (২য় পর্যায়)	৬
৫। প্রোমোশন অফ লিগ্যাল এন্ড সোস্যাল ইমপাওয়ারম্যান্ট অফ উইমেন (২য় পর্যায়)	৬
অননুমোদিত প্রকল্প	
১। অসহায় বিত্তহীন ছিন্নমূল শিশুদের সামগ্রিক পূর্ণবাসনের জন্য আহছানিয়া মিশন শিশু সিটি নির্মাণ প্রকল্প।	৬

৫.২ মহিলা বিষয়ক অধিদপ্তর

৫.২.১ সাম্প্রতিক অর্জনঃ দরিদ্র মা'র জন্য প্রতি বছর মাতৃত্বকাল ভাতা ৮০,০০০ ও ভিজিডি কার্যক্রমের মাধ্যমে প্রতি বছর ৮,৩০,০০০ জন দরিদ্র মহিলাকে ভাতা ও খাদ্য সহায়তা দেওয়া হয়েছে। দরিদ্র ও অসহায় মহিলাদের আত্ম-কর্মসংস্থানের লক্ষ্যে ৭১,০৪২ জনকে ক্ষুদ্রঋণ প্রদান করা হয়েছে। ১৩,১৯০ জন নিম্নবিত্ত ও মধ্যবিত্ত কর্মজীবী মায়ের শিশুদের দিবাকালীন সেবা প্রদান করা হয়েছে। কর্মজীবী হোস্টেলের মাধ্যমে প্রতিবছর ১,৩৭৯ জন মহিলাকে নিরাপদ অস্থায়ী আবাসিক সুবিধা দেয়া হয়েছে। ১৫,৯১০টি সমিতি নিবন্ধিত হয়েছে এবং ২০০৮-০৯ অর্থবছরে ৫.০০ কোটি টাকা অনুদান হিসাবে বিতরণ করা হয়েছে । দরিদ্র মহিলাদের মধ্যে ৬,৫৩১টি সেলাই মেশিন বিতরণ করা হয়েছে। এ সময়ে ১.১৮,৩৮০ জন মহিলাকে সামাজিক সচেতনতা বৃদ্ধি ও বিভিন্ন ট্রেডে প্রশিক্ষণ প্রদান করা হয়। বিগত বছরে ৪,৮৫৪ জন মহিলাকে আইনি সহায়তা এবং আশ্রয় দেওয়া হয়েছে।

৫.২.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
1. মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য কারিগরি, বৃত্তিমূলক, আয়বর্ধক প্রশিক্ষণ,উৎপাদনশীল উপকরণ এবং ক্ষুদ্রঋণ প্রদান	• ২৬,৩৮,৪০০ জন মহিলাকে কারিগরি, বৃত্তিমূলক, আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান এবং উৎপাদন উপকরণ সরবরাহ • ১,১০,০০০ জনকে ক্ষুদ্রঋণ প্রদান	১
2. স্বেচ্ছাসেবী সমিতি গঠন, নিবন্ধন ও নিবন্ধিত সমিতিকে সহায়তা প্রদান	• ৫৪,০০০টি মহিলা সমিতিকে নিবন্ধন ও সহায়তা প্রদান	
3. আধুনিক প্রযুক্তিতে নারী ও শিশুর অংশগ্রহণের সুযোগ সৃষ্টি	• মহিলা ও শিশুদের কম্পিউটার প্রশিক্ষণের মাধ্যমে দক্ষতা বৃদ্ধি	
4. দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে কর্মজীবী ল্যাকটেটিং মা'দের সহায়তা তহবিল ভাতা প্রদান	• শহর এলাকায় নিম্নবিত্ত কর্মজীবী মা'দের প্রসূতিকালীন ও প্রসবোত্তর স্বাস্থ্য, শিক্ষা ও আর্থিক সহায়তা প্রদান।	২
5. ভিজিডি কার্যক্রমের আওতায় দুঃস্থ মহিলাদের খাদ্য সহায়তা ও ভিজিডি ইউপি কার্যক্রমের আওতায় খাদ্যের পরিবর্তে নগদ আর্থিক সহায়তা এবং উৎপাদনশীল উপকরণ প্রদান	• ২৩,৩০,০০০ জন অতিশয় দরিদ্র মহিলা দের খাদ্য সহায়তা প্রদান এবং প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে আয়বর্ধক কর্মকান্ডে নিয়োজিত করা	১
6. অতি দরিদ্র ও গর্ভবতী মা'দের জন্য মাতৃত্বকালীন ভাতা প্রদান কার্যক্রম	• ৩,৬০,০০০ জন দরিদ্র গর্ভবতী মা'কে মাতৃত্বকালীন ভাতা প্রদান	

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
7. কর্মজীবী মহিলাদের হোস্টেল সুবিধা প্রদান ও শিশুদের দিবাযত্ন ও সেবা প্রদান	• প্রতিবছর ১,৮৩৮ জন কর্মজীবী মহিলাকে হোস্টেল সুবিধা প্রদান • ৪,৯৮০ জন কর্মজীবী মায়ের শিশুকে শিশু দিবা যত্ন সুবিধা প্রদান	
8. নির্যাতিত মহিলা ও শিশুদের চিকিৎসার আইনগত সহায়তা, কাউন্সিলিং, নিরাপদ আশ্রয় এবং খাদ্য সহায়তা প্রদান	• ৫,৭০০ জন নির্যাতিতা মহিলা ও শিশুকে আইনগত সহায়তা, মানোসামাজিক কাউন্সিলিং, চিকিৎসা, পুনর্বাসন সেবা এবং খাদ্য সহায়তা প্রদান	৩
9. আদালতে বিচারকালে মহিলা, শিশু ও কিশোরী হেফাজতীদের নিরাপদ আবাসন ব্যবস্থা নিশ্চিতকরণ	• ৩০০ জন মহিলাকে আদালতে বিচারকালীন সময়ে নিরাপদ আবাসন সুবিধা প্রদান	
১০. কন্যা শিশুর সমন্বিত উন্নয়ন	• ৩,৬০০ দরিদ্র কিন্তু মেধাবী কন্যা শিশুর জন্য শিক্ষা বীমা প্রচলন • দরিদ্র কন্যা শিশুকে বাজারের চাহিদা অনুযায়ী প্রশিক্ষণ প্রদান ও কর্মসংস্থানের ব্যবস্থা	৬
11. Women in Development (WID) Mechanism এবং NCWD এর মাধ্যমে নারীর উন্নয়নে গৃহীত কর্মকান্ডের মনিটরিং এবং নারীর অধিকার বিষয়ে সচেতনতা সৃষ্টি	• ইউপি সদস্য, ধর্মীয় নেতা, এনজিও কর্মকর্তা ইত্যাদিকে নিয়ে জেলা উপজেলা পর্যায়ে ৫০০ প্রশিক্ষণ, সেমিনার, উঠান বৈঠক ও কর্মশালার আয়োজন	৪

৫.২.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। উপকারভোগীর সংখ্যা (ভিজিডি কর্মসূচি)	লক্ষ জন	৭.৫০	৮.৩০	৮.৩০	৮.৩০	৭.৫০	৭.৫০
২। উপকারভোগীর সংখ্যা (দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা)	হাজার জন	৬০.০০	৮০.০০	৮০.০০	১০০.০০	১২০.০০	১৪০.০০
৩। সুবিধাভোগীর সংখ্যা (কারিগরি বৃত্তিমূলক ও আয়বর্ধক প্রশিক্ষণ)	জন	১,০৫,৬৮৪	৭,৫৫৫	২,৫০৭৬০	১০,৯৬,৯৮০	৭,৭০,৮৬০	৭,৭০,৫৬০
৪। মহিলাদের আইনগত সহায়তা প্রদান	জন	১,৬১৫	১,৭০০	১,৭০০	১,৮০০	১,৯০০	২,০০০
৫। মহিলা স্বেচ্ছাসেবী সমাজ কল্যাণ সমিতি নিবন্ধিকরণ	সংখ্যা	১৫,৩২৫	১৭,০০০	১৭,০০০	১৭,০০০	১৮,০০০	১৯,০০০
৬। সুবিধাভোগীর সংখ্যা (কর্মজীবী মহিলা হোস্টেল)	জন	১,৩৫৩	১,৩৫৩	১,৩৮৮	১,৮৩৮	১,৮৩৮	১,৮৩৮
৭। সুবিধাভোগীর সংখ্যা (শিশু দিবাযত্ন কেন্দ্রে)	জন	৭৫০	১,১৬০	১,৬৬০	১,৬৬০	১,৬৬০	১,৬৬০

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
					২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
৮। মহিলাদের অধিকার সংশ্লিষ্ট বিষয়ে সম্মেলন সেমিনার ও কর্মশালার ব্যবস্থা	জন	৮,৭৬৮	৮,৭৬৮	৮,৭৬৮	৯,০০০	১০,০০০	১১,০০০
৯। মহিলাদের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচির সুবিধাভোগীর সংখ্যা	জন	৬৮৮৩৪	৭১,০৪২	৭১,০৪২	৮১,০০০	৮৯,০০০	৯৭,০০০

৫.২.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	৩৮,৬১,৩৭	৪৩,০৪,৭৯	৫৮,৯৭,২৪	৬০,৫৮,৯৮	৬৩,১৯,৯৯
উন্নয়ন	১২৮,৭৯,০০	৯৪,৪৯,০০	৯২,৭২,০০	১৪৮,৫২,৫১	১৮৭,১২,০৮
মোট	১৬৭,৪০,৩৭	১৩৭,৫৩,৭৯	১৫১,৬৯,২৪	২০৯,১১,৪৯	২৫০,৩২,০৭

৫.২.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

মহিলা বিষয়ক অধিদপ্তরঃ অপারেশ ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)	
১। কর্মজীবী ল্যাকটিটিং মাদার সহায়তা তহবিল	২
২। দরিদ্র মা'র জন্য মাতৃত্বকালীন ভাতা	৬
৩। মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচি	১
৪। ভিজিডি কার্যক্রম	৫
৫। মহিলা সেচ্ছাসেবী সমাজ কল্যাণ কেন্দ্র	২
অনুনমোদিত কর্মসূচি	
১। জেলায় পর্যায়ে OCC (One Stop Crisis Center) Support Unit)	৩
২। মাতৃত্বকালীন ভাতা কেন্দ্রিক সমন্বিত সামাজিক নিরাপত্তা বেষ্টনী ।	২
৩। বাংলাদেশে বসবাসরত বেদে নারী, শিশু ও কিশোরীদের সামাজিক নিরাপত্তা বেষ্টনীতে আনয়ন	২
৪। নারী উদ্যোক্তা উন্নয়ন	১
৫। রাজশাহী, বাগেরহাট, দিনাজপুর ও সারিয়াকান্দি মহিলা হস্থশিল্প প্রশিক্ষণ কেন্দ্র শক্তিশালীকরণ	১
৬। সারাদেশব্যাপী পর্যায়ক্রমে হতদরিদ্র নারীদের সাবলম্বী করে তোলার লক্ষ্যে আয়বর্ধক সম্পদ বিতরণ কর্মসূচি (যেমন-সেলাই মেশিন, হাঁস, মুরগী চাহিদাভিত্তিক)	১
৭। হাওর, নদীভাংগন, চর, সিডর, আইলা এলাকায় নারীদের পুনর্বাসন ভাতা ও নিত্য প্রয়োজনীয় সামগ্রী বিতরণ	২

মহিলা বিষয়ক অধিদপ্তরঃ অপারেশ ইউনিট/কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
৮। বস্তি এলাকার মহিলাদের জন্য সুপেয় পানি সরবরাহ, স্বাস্থ্যও সেনিটেশন সেবা কর্মসূচি	২
অনুমোদিত প্রকল্পসমূহ	
১। নিম্নবিত্ত ও মধ্যবিত্ত শ্রেণীর কর্মজীবী মহিলাদের শিশুদের জন্য দিবাযত্ন কর্মসূচি (জুলাই,২০০৯-জুন,২০১৪)	১
২। মহিলা ও শিশু ডায়াবেটিস ও মেটাবলিক হাসপাতাল (জুলাই,২০০৫-জুন, ২০১০)	১
৩। বিত্তহীন মহিলা উন্নয়ন কর্মসূচি (VGDUP) (জানুয়ারি ২০০৭-ডিসেম্বর ২০১১)	২
৪। নারী নির্যাতন প্রতিরোধে ৫টি বিভাগীয় শহরে ভৌত সুবিধাদি সৃষ্টিকরণ (জুলাই,২০০৭-জুন,২০১০)	৩
৫। প্রমোশন অফ জেন্ডার ইক্যুয়ালিটি এন্ড ওম্যান এমপাওয়ারমেন্ট (জানুয়ারি ২০০৬-ডিসেম্বর ২০১০)	৪
৬। নারী ও পুরুষদের মধ্যে সমতা উন্নয়ন এবং নারীর ক্ষমতায়ন	৪
অননুমোদিত প্রকল্প	
১। তিন পার্বত্য জেলায় মহিলাদের সার্বিক উন্নয়ন ও ক্ষমতায়ন (জুলাই ২০০৯-জুন ২০১২)	১
২। ২টি বিভাগীয় শহরে (সিলেট ও বরিশাল) কর্মজীবী মহিলা হোস্টেল স্থাপন (জুলাই,২০০৯-জুন,২০১২)	১
৩। ৬৪টি জেলায় মহিলা বিষয়ক অধিদপ্তরের কমপ্লেক্স নির্মাণ (১ম পর্যায় ৫টি জেলায়) (জুলাই ২০০৯-জুন ২০১২) ।	১
৪। জেলা শহরে মহিলা প্রশিক্ষণ কেন্দ্রসমূহের প্রশিক্ষণ কার্যক্রম উন্নয়ন (জুলাই ২০০৯-জুন ২০১৪)	১
৫। দরিদ্র অসহায় পরিবারের মেয়ে শিশুদের নিরাপদ আবাসন ও বৃত্তিমূলক প্রশিক্ষণ কেন্দ্র স্থাপন (জুলাই ২০০৯-জুন ২০১২)	১
৬। মিরপুর ও খিলগাঁও কর্মজীবী মহিলাদের হোস্টেল উর্ধ্বমুখী সম্প্রসারণ	১
৭। কন্যা শিশুদের জন্যসমন্বিত উন্নয়ন (জুলাই ২০১০-জুন ২০১৪)	৬
৮। তৃণমূল পর্যায়ে পরিবর্তন আনয়নকারী হিসাবে নারী সংগঠনগুলোর উন্নয়ন (জুলাই ২০০৯-জুন ২০১৪)	৪
৯। কর্মজীবী মহিলাদের জন্য ২টি হোস্টেল নির্মাণ (সাভার ও গাজীপুর) (জুলাই ২০০৯-জুন ২০১২)	১
১০। জেন্ডার মেইনস্ট্রিমিং এ্যাট উপজেলা লেভেল (জুলাই ২০০৯-জুন ২০১২)	৪
১১। উপজাতীয় নারী ও মেয়ে শিশুদের উন্নয়ন	৬
১২। মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রশিক্ষণ একাডেমী, অডিটরিয়াম ও দিবাযত্ন কেন্দ্রের স্থায়ী ভবন নির্মাণ	১
১৩। মহিলা বিষয়ক অধিদপ্তর শক্তিশালীকরণ ও দক্ষতা উন্নয়ন	১
১৪। ৬৪ জেলায় মহিলা বিষয়ক অধিদপ্তরের কমপ্লেক্স নির্মাণ (২য় পর্যায় ১০টি জেলা)	১

৫.৩ বাংলাদেশ শিশু একাডেমী

৫.৩.১ সাম্প্রতিক অর্জন ঃ বিগত ৩ অর্থবছরে প্রতি কেন্দ্রে ২৫-৩০ জন (০-৫ বছর বয়সী শিশু) করে ৮,০৫৮টি কেন্দ্রে Early Learning facilities এর মাধ্যমে শিশু বিকাশ এবং প্রাক-প্রাথমিক শিক্ষার সুযোগ প্রদান করা হয়েছে। ৬২টি বিষয়ে উপজেলা পর্যায় থেকে শুরু করে জাতীয় পর্যায়ে জাতীয় শিশু পুরস্কার ও মৌসুমী প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। প্রতি বছর প্রায় ৫ লক্ষের অধিক শিশু এ প্রতিযোগিতায় অংশগ্রহণ করে। ৩৫ হাজার শিশুকে সঙ্গীত, নৃত্য, চিত্রাংকন, আবৃত্তি, গীটার, অভিনয়সহ মোট ১০টি বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়। শিশুদেরকে অধিক হারে পাঠে মনোযোগী করে তোলার লক্ষ্যে ৬৫১টি শিশুতোষ গ্রন্থ প্রকাশ করা হয়েছে। শিশুদের জন্য একটি মাসিক 'শিশু' পত্রিকা নিয়মিত প্রকাশিত হয় । এছাড়া ৫ খণ্ডে 'শিশু বিশ্বকোষ' প্রকাশ করা হয়েছে। বছরে প্রায় ৪ লক্ষ শিশু লাইব্রেরীতে বই পড়ার সুযোগ লাভ করে এবং লাইব্রেরীভিত্তিক প্রতিযোগিতায় প্রায় ১ লক্ষ ২০ হাজার শিশু অংশগ্রহণ করে । শিশু চলচ্চিত্র নির্মাণ **কর্মসূচির** আওতায় সম্পূর্ণভাবে শিশুদের দ্বারা ৪টি চলচ্চিত্র নির্মাণ করা হয়েছে। ২(দুই) খন্ডে ছোটদের বিজ্ঞান কোষ প্রকাশ করা হয়েছে। এছাড়া কেন্দ্রীয় কার্যালয়সহ সারাদেশে ১৭ টি জেলায় শিশুদের কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র চালু করা হয়েছে। বাংলাদেশ শিশু একাডেমীর একটি (www.shishuacademy.gov.bd) ওয়েবসাইট খোলা হয়েছে। এছাড়া ও কেন্দ্রীয় কার্যালয়ে ১০টি কম্পিউটারে ইনটারনেট সুবিধা রয়েছে।

৫.৩.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্যে
১. ০-৫ বছর বয়সী শিশুর প্রারম্ভিক শিক্ষার লক্ষ্যে নীতি প্রণয়ন, শিশু বিকাশ কেন্দ্র ও সিসিমপুর কর্মসূচি পরিচালনা	• ০-৫ বছর বয়সের কমপক্ষে ৭.৫০ লক্ষ শিশুকে Early Learning Facilities এর মাধ্যমে শিশু বিকাশ এবং প্রাক-প্রাথমিক শিক্ষার সুযোগ প্রদান	৫
২. শিশুর মনন, মেধা, ও সাংস্কৃতিক বিকাশ কর্মসূচি	• প্রতি বছর প্রায় ৫ লক্ষ শিশুর অংশগ্রহণে সাংস্কৃতিক প্রতিযোগিতার আয়োজন • বছরে গড়ে ৩৫ হাজার শিশুকে সঙ্গীত, নৃত্য, চিত্রাংকন, আবৃত্তি, গীটার, অভিনয় প্রভৃতি বিষয়ে প্রশিক্ষণ প্রদান	৫
৩. কন্যা শিশুর সমন্বিত উন্নয়ন	• ১৫ হাজার জন কন্যা শিশুকে সচেতনতামূলক প্রশিক্ষণ প্রদান	৬

৫.৩.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	লক্ষ্যমাত্রা ২০০৮-০৯	প্রকৃত ২০০৮-০৯	j¶¨gvÎv 2009-10	ms‡kvaZ j¶¨gvÎv 2009-10	ga¨‡gqv` j¶¨gvÎv		
						2010-11	2011-12	2012-13
১। প্রারম্ভিক শিক্ষা কর্মসূচির আওতাভুক্ত শিশুর সংখ্যা	জন	২,১১,৫০০	২,১১,৫০০	২,০৩,৩০৪	২,০৩,৩০৪	২,১৬,৬০০	১,০৮,৩০০	-
২। সাংস্কৃতিক প্রশিক্ষণ	জন	৩৫,০০০	৩৫,০০০	৩৫,০০০	৩৫,০০০	৩৭,০০	৪০,০০০	৪৫,০০
৩। শিশু পুরস্কার কার্যক্রমের আওতাভুক্ত শিশুর সংখ্যা	জন	৩,৫০,০০০	৩,৫০,০০০	৩,৫০,০০০	৩,৫০,০০০	৩,৭৫,০০০	৩,৮৫,০০০	৩,৯০,০০০
৪। শিশুতোষ গ্রন্থ পত্রিকা প্রকাশ	টি	১৮	১৮	২০	২০	২৫	২৭	৩০
৫। শিশু লাইব্রেরীর পাঠক সংখ্যা	জন	২,৫০,০০০	২,৫০,০০০	2,50,000	2,50,000	2,75,000	3,00,000	3,25,000

৫.৩.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	১০,৮২,০৬	১১,৮০,৪৯	১০,৪৫,৩১	৩৩,৭৫,৯২	৩৬,৮০,৯৪
উন্নয়ন	২৩,৮৫,০০	২৩,১৫,০০	৪২,৩২,০০	৫৭,১৯,৬২	৪৩,৯৪,৩৫
মোট	৩৪,৬৭,০৬	৩৪,৯৫,৪৯	৫২,৭৭,৩১	৯০,৯৫,৫৪	৮০,৭৫,২৯

৫.৩.৫ অপারেশন ইউনিট/কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশ ইউনিট/ কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)	
১। শিশু পুরস্কার	২
২। জাতীয় শিশু দিবস	২
৩। শিশু উন্নয়ন কর্মসূচি	২
অনুনমোদিত কর্মসূচি	
১। জাতির জনক বঙ্গবন্ধ শেখ মুজিবুর রহমান এর জীবন ও কর্মভিত্তিক গ্রন্থমালা প্রকাশ	১
২। শিশু উন্নয়ন কর্মসূচি-৩য় পর্যায়	৫
৩। শিশুদের জন্য কম্পিউটার প্রশিক্ষণ ৬৪ জেলা শহরে	৫
৪। নদী ভাংগন, সিডর ও আইলায় ক্ষতিগ্রস্ত এলাকার শিশুদের জন্য প্রশিক্ষণ কর্মসূচি	৬
৫। দেশব্যাপী প্রাথমিক বিদ্যালয়ে বিতরণের জন্য মাসিক শিশু পত্রিকা প্রকাশ	৫
৬। হতদরিদ্র ও পথশিশুদের জন্য শিক্ষা ও সাংস্কৃতিক প্রশিক্ষণ কেন্দ্র চালুকরণ (বিভাগীয় শহরে) (ভ্রাম্যমাণ চিত্রাংকন/শিশুতোষ কার্যক্রমসহ)	৬
৭। শিশু বিশ্বকোষ সংস্করণ ও নির্বাচিত অন্যান্য বই পুণঃমুদ্রণ	৫
৮। প্রাক-বিদ্যালয় শিশুদের উপযোগী বই এবং শিশু স্বাস্থ্য ও অধিকার বিষয়ক উপকরণ প্রকাশ ও বিতরণ	৫
৯। হতদরিদ্র শিশুদের পুষ্টি ও স্কুল গমনের জন্য শিশু ভাতা	৫
অনুমোদিত প্রকল্প	
১। শিশুর বিকাশে প্রারম্ভিক শিক্ষা প্রকল্প	১
২। সিসিমপুর আউটরীচ প্রকল্প	৫
৩। বাংলাদেশ শিশু একাডেমীর ৬ টি জেলা শাখা কমপ্লেক্স নির্মাণ প্রকল্প	১
অননুমোদিত প্রকল্প	
১। ঢাকা শহরে পথ শিশুদের পুনর্বাসন ও উন্নয়ন প্রকল্প	২
২। মাদক বহনে সংশ্লিষ্ট শিশুদের পুনর্বাসন	২
৩। প্রতিবন্ধী শিশুদের সনাক্তকরণ, চিকিৎসা, শিক্ষা এবং সামাজিকভাবে একীভূতকরণ প্রকল্প	২
৪। ঢাকা শহরে সুবিধাবঞ্চিত শিশুদের জন্য প্রশিক্ষণের মাধ্যমে বিকাশের পরিবেশ সৃষ্টিকরণ	২

৫.৪ জাতীয় মহিলা সংস্থা

৫.৪.১ সাম্প্রতিক অর্জন ঃ বিগত তিন অর্থবছরে দরিদ্র মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য ক্ষুদ্রঋণ বাবদ ২৩,২০৭ জন মহিলার মাঝে মোট ২৩.০৭ কোটি টাকা বিতরণ করা হয়েছে। জাতীয় মহিলা সংস্থা পরিচালিত কমপ্লেক্স সম্প্রসারণ ও উন্নয়ন প্রকল্পের আওতায় প্রতি বছর ২০০ জন কর্মজীবী মহিলাকে আবাসিক হোস্টেল সুবিধা প্রদান করা হয়। মহিলাদের সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে জুলাই ২০০৮ হতে জুন ২০০৯ পর্যন্ত মোট ২৮,৪০৫ জন মহিলাকে সচেতনতা বৃদ্ধিমূলক প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। এ সময়ে ৭৬,৬৭৫ জন মহিলাকে কারিগরি ও বৃত্তিমূলক প্রশিক্ষণ দেয়া হয়েছে এবং ৬৪টি সেমিনার ও কর্মশালার আয়োজন করা হয়।

৫.৪.২ প্রধান কার্যক্রমসমূহ, কার্যক্রমের সম্ভাব্য ফলাফল এবং কৌশলগত উদ্দেশ্য

প্রধান কার্যক্রম	কার্যক্রমের সম্ভাব্য ফলাফল	সংশ্লিষ্ট কৌশলগত উদ্দেশ্য
১) মহিলাদের আত্ম-কর্মসংস্থানের জন্য কারিগরি, বৃত্তিমূলক, আয়বর্ধক প্রশিক্ষণ, উৎপাদনশীল উপকরণ এবং ক্ষুদ্রঋণ প্রদান	• ১৮,০০০ জন মহিলার মাঝে ক্ষুদ্রঋণ বিতরণ এবং ৪৪,২০৫ জন মহিলাকে কারিগরি, বৃত্তিমূলক ও আয়বর্ধক প্রশিক্ষণ প্রদান	১
২) নারী উদ্যোক্তাদের বিকাশ সাধনে সহায়তা প্রদান	• ৮,৭৫০ জনকে নারী উদ্যোক্তা হিসেবে বিকাশের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান	১
৩) কর্মজীবী মহিলাদের হোস্টেল সুবিধা প্রদান ও শিশুদের দিবাযত্ন ও সেবা প্রদান	• প্রতি বছর ২০০ জন কর্মজীবী মহিলাকে আবাসিক সুবিধা প্রদান	১
৪) মহিলা জনপ্রতিনিধিদের প্রশিক্ষণ ও নির্বাচন প্রক্রিয়ায় নারীর অংশগ্রহণ বৃদ্ধির জন্য সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা	• মহিলাদের অধিকার সংশ্লিষ্ট বিষয়ে ৩০টি সম্মেলন, সেমিনার ও কর্মশালার আয়োজন	৪
৫) নির্যাতিত মহিলা ও শিশুদের চিকিৎসার আইনগত সহায়তা, কাউন্সিলিং, নিরাপদ আশ্রয় এবং খাদ্য সহায়তা প্রদান	• ৪৮০ জন মহিলাকে আইনগত সহায়তা প্রদান	৩

৫.৪.৩ কার্যক্রমের ফলাফল নির্দেশক এবং লক্ষ্যমাত্রা

ফলাফল নির্দেশক	পরিমাপের একক	লক্ষ্যমাত্রা ২০০৮-০৯	প্রকৃত ২০০৮-০৯	লক্ষ্যমাত্রা ২০০৯-১০	সংশোধিত লক্ষ্যমাত্রা ২০০৯-১০	মধ্যমেয়াদি লক্ষ্যমাত্রা		
						২০১০-১১	২০১১-১২	২০১২-১৩
১। উপকারভোগীর সংখ্যা (ক্ষুদ্রঋণ)	জন	৫,৯৮২	৫,৮৮২	৬,০০০	৬,০০০	৬,০০০	৬,০০০	৬,০০০
২। মহিলাদের জন্য কারিগরি, বৃত্তিমূলক ও আয়বর্ধক প্রশিক্ষণ	জন	২৮,৪০৫	৪০,১৩৫	১৬,৭৩৫	১৬,৭৩৫	১৬,৭৩৫	১৬,৭৩৫	১০,৭৩৫
৩। মহিলাদের আইনগত সহায়তা প্রদান	জন	১৫০	১১৭	১৫০	১৭০	১৬০	১৬০	১৬০
৪। মহিলাদের অধিকার সংশ্লিষ্ট বিষয়ে সম্মেলন, সেমিনার ও কর্মশালার আয়োজন	টি	৪	৪	৭	৮	১০	১০	১০

৫.৪.৪ বাজেট প্রাক্কলন ও প্রক্ষেপণ

(অংকসমূহ হাজার টাকায়)

বিবরণ	বাজেট ২০০৯-১০	সংশোধিত ২০০৯-১০	প্রাক্কলন ২০১০-১১	প্রক্ষেপণ	
				২০১১-১২	২০১২-১৩
অনুন্নয়ন	৬,২৫,৬৬	৭,৪৬,৯১	১২,৪৬,১৬	২০,৭৫,২১	২২,১৭,৭৮
উন্নয়ন	১০,৭৫,০০	৪,৯৫,০০	১৩,৭০,০০	১৩,৯৩,৫৭	১৮,৮২,১৭
মোট	১৭,০০,৬৬	১২,৪১,৯১	২৬,১৬,১৬	৩৪,৬৮,৭৮	৪০,৯৯,৯৫

৫.৪.৫ অপারেশন ইউনিট/ কর্মসূচি/প্রকল্পের তালিকা

অপারেশ ইউনিট/ কর্মসূচি/প্রকল্পের নাম	সংশ্লিষ্ট প্রধান কার্যক্রম
অপারেশন ইউনিট (অনুন্নয়ন)	
১। মহিলাদের জন্য ক্ষুদ্রঋণ কর্মসূচি	১
অননুমোদিত কর্মসূচি	
১। কম্পিউটার প্রশিক্ষণ (৩৪ জেলা শাখায়)	১
২। জাতীয় মহিলা সংস্থা বিদ্যমান সেলাই, এ্যামব্রোডারী ব্লক,বাটিক ও স্কীন প্রিন্টিং কার্যক্রম শক্তিশালীকরণ কর্মসূচি (৩০ জেলা শাখা)	১
৩। খাদ্য প্রক্রিয়াকরণ বিউটিফিকেশান, হাউজকিপিং এবং ইনটেরিয়র ডেকোরেশন, মোবাইল ও বৈদ্যুতিক যন্ত্রপাতি সার্ভিসিং এবং ইংরেজি ভাষা প্রশিক্ষণ কর্মসূচি (১৫টি জেলা শাখা)	১
অনুমোদিত প্রকল্প	
১। জেলা ভিত্তিক মহিলা কম্পিউটার প্রশিক্ষণ কেন্দ্র (৪০টি কেন্দ্র)	১
২। নগরভিত্তিক মহিলা উন্নয়ন প্রকল্প	১
অননুমোদিত প্রকল্প	
১। অর্থনৈতিক ক্ষমতায়নে নারী উদ্যোক্তাদের বিকাশ সাধন প্রকল্প	৪
২। জাতীয় মহিলা সংস্থা জেলা কমপ্লেক্স প্রকল্প	১
৩। ডিজিটাল বাংলাদেশ গড়ার লক্ষ্যে তথ্য প্রযুক্তির মাধ্যমে মহিলাদের ক্ষমতায়ন	৪